গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৩.০১.৮৪০৭.০০৪.৫৭.০০৭.২২ - ৩০৫ তারিখঃ- ২২/০২/২০২২ খ্রি.।

# নিয়োগ আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৬-১১৭ তারিখ-০৯/০৪/২০১৭ খ্রি. এবং ২০.০২.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য বাঘাইছড়ি উপজেলা খাদ্য বান্ধব কমিটি সভার সিদ্ধান্তক্রমে তালিকাভুক্ত উপকারভোগীদের মাঝে কার্ডের মাধ্যমে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য-শস্য বিতরণের লক্ষ্যে পার্শ্বে উল্লেখিত ইউনিয়নে বর্ণিত ব্যক্তিদ্বয়কে নিম্ন বর্ণিত শর্তে খাদ্য বান্ধব ডিলার হিসেবে নিয়োগ দেয়া হল।

| ক্রঃ নং | ডিলারের নাম ও ঠিকানা | ইউনিয়ন | দোকানের অবস্থান | কার্ড সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | জনাব উন্মেষ চাকমা<br>পিতা- তুষার কান্তি চাকমা<br>গ্রাম- দক্ষিণ খাগড়াছড়ি, ওয়ার্ড নং- ০৫<br>সারোয়াতলী ইউনিয়ন,বাঘাইছড়ি, রাঙ্গামাটি। | ৩০নং সারোয়াতলী ইউনিয়ন। | খাগড়াছড়ি দোকান, মেদিনীপুর | ৪১৫ |
| ০২ | জনাম মো: রুবেল<br>পিতা- মো: নজরুর ইসলাম<br>গ্রাম- আমতলী, ওয়ার্ড নং- ০১<br>আমতলী ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।। | ৩৭নং আমতলী ইউনিয়ন। | আমতলী বাজার | ১৯৯ |

**শর্তসমূহ ঃ-**

১। ডিলার সরকার নির্ধারিত মূল্যে তালিকাভুক্ত কার্ডধারী উপকারভোগীদের মাঝে প্রতি কেজি ১০/- টাকা দরে মাসে ৩০ কেজি চাল সরবরাহ করবেন। সাধারণভাবে সরকার ঘোষিত মূল্যে পল্লী অঞ্চলের কর্মাভাবকালীন (সেপ্টম্বর হতে নভেম্বর এবং মার্চ হতে এপ্রিল) ০৫ মাস বিতরণ কার্যক্রম চলবে।

২। সপ্তাহে ০৩ (তিন) দিন যথাক্রমে সোম, মঙ্গল ও বুধবার সকাল ০৯ টা হতে বিকাল ৫টা পর্যন্ত দোকান খোলা রাখতে হবে।

৩। বিক্রিত চাল/ গমের হিসাব রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে যাতে কার্ডধারী/ উপকারভোগীর নাম, কার্ড নম্বর, বিক্রয়ের তারিখ ও পরিমাণ উল্লেখ থাকে। দিন শেষে ডিলার বিক্রয় ও মজুদের হিসাব রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে দিনের বিক্রির পরিমাণ আবশ্যিকভাবে অবহতি করবেন।

৪। ডিলারকে উপকারভোগীর তালিকা সংযুক্ত করে দেয়া হবে।

৫। চাহিদা পত্র প্রনয়ন করার সময় পূর্বের অবিক্রিত মালামাল (যদি থাকে) সমন্বয় করে পরবর্তী চাহিদাপত্র তৈরি করতে হবে।

৬। সরবরাহ মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে নিদ্দিষ্ট কোর্ডে টাকা জমা করে সংযুক্ত তালিকার চাহিদা অনুযায়ী ডিলার একবারে তার অনুকুলে মাসিক বরাদ্দের খাদ্য-শস্য সংশ্লিষ্ট গুদাম হতে উত্তোলন করবেন।

৭। ডিলারের দোকান সহজে চিহ্নিত করণের জন্য দোকানে বড় বড় অক্ষরে নিম্নরূপ লেখা সম্বলিত স্পষ্ট সাইনবোর্ড থাকতে হবে।

**"শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুধা হবে নিরুদ্দেশ"**

খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত হতদরিদ্রদের জন্য স্বল্প মূল্যে খাদ্য-শস্য বিতরণ

**"খাদ্য বান্ধব কর্মসূচী"**

ডিলারে নাম:-
ঠিকানা :-

কার্ড প্রতি বরাদ্দ ৩০ কেজি চাল,
ক্রয় মূল্য প্রতি কেজি ১০/- টাকা।

সোম, মঙ্গল ও বুধবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত দোকান খোলা থাকবে।

৮। ডিলারকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাঘাইছড়ি এর অনুকুলে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতরযাগ্য জামানত (পে-অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা দিতে হবে। জামানত ও অঙ্গীকার নামা দাখিল করার পর ডিলারের এই নিয়োগ চূড়ান্ত বলে গণ্য হবে। ডিলারদ্বয়কে আগামী ২৪/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে চুক্তি সম্পাদন ও ফেরতযোগ্য জামানত পে-অর্ডার) জমা সম্পন্ন করতে হবে।

৯। খাদ্য বিভাগ ও প্রশাসনের যে কোন কর্মকর্তা বিক্রয় কার্যক্রম ও ডিলারের কার্যক্রম তদারকী করতে পারবেন।

১০। ভোক্তাদের/ উপকারভোগীদের সুবিধা বিবেচনা করে প্রয়োজন বোধে ডিলারের দোকানের অবস্থান পরিবর্তন/ স্থানান্তর করা যাবে। এ ক্ষেত্রে ডিলারের কোন প্রকার অনিহা বা ওজর আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

১১। খাদ্য বান্ধব কর্মসূচী হতদরিদ্রদের জন্য সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্য-শস্য বিতরণ নীতিমালা "২০১৭" মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।

22/02/2022
(রিটন দেওয়ান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্য বান্ধব কমিটি
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং ঃ- ১৩.০৩.৮৪০৭.০০৪.৫৭.০০৭.২২- ১০৫ তারিখ ঃ- ২০/০২/২০২২ খ্রি.।

অনুলিপি ঃ- সদয় অবগতি/ অবগতি ও কায্যার্থে । (জৈষ্ঠতা ক্রমানুসারে নহে)।

১। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৫। উপজেলা ভাইস চেয়াম্যান (পুরুষ/ মহিলা), উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৭। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৮। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
৯। জনাব ধীমান চাকমা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১০। জনাব দীপংকর চাকমা, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১২। চেয়াম্যান, ৩০নং সারোয়াতলী/ ৩৭নং আমতলী ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১৩। সচিব, ৩০নং সারোয়াতলী/ ৩৭নং আমতলী ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাইছড়ি/ দুরছড়ি এলএসডি, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১৫। জনাব উন্মেষ চাকমা, পিতা- তুষার কান্তি চাকমা, ৩০নং সারোয়াতলী ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১৬। জনাম মো: রুবেল, পিতা- মো: নজরুর ইসলাম, ৩৭নং আমতলী ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১৭। দপ্তর নথি ।

২২/০২/২০২২

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্য বান্ধব কমিটি বাঘাইছড়ি,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।